# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

**B.A./B.SC. FIRST SEMESTER EXAMINATION, DECEMBER 2012**

**FIRST YEAR**

**BENGALI (Honours)**

Date : 14/12/2012

Time : 11 am – 3 pm

Paper : I

Full Marks : 100

১। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও। ১০+১০=২০

ক) বাংলা ভাষা উৎপত্তির আগের বঙ্গদেশের সাহিত্য সম্পর্কে আলোচনা করো।

খ) চর্যাপদের ধর্মদর্শন সম্পর্কে আলোকপাত করো।

গ) শ্রীচৈতন্যের জীবনী রচনার প্রেক্ষাপট উল্লেখ করে বৃন্দাবনদাসের চৈতন্যভাগবতের ঐতিহাসিক গুরুত্ব সম্পর্কে লেখো।

ঘ) অনুবাদ সাহিত্যের পরিচয় দাও এবং মালাধর বসুর ভাগবত অনুবাদের গুরুত্ব ও কৃতিত্ব সম্পর্কে লেখো।

২। যে কোন একটি বিষয়ের উপর টীকা লেখো। ৫

ক) জয়ানন্দ, খ) শাহ্ মুহম্মদ সাগীর

৩। ক) নীচের যে কোন চারটি বানান শুদ্ধ করো এবং জানাও এদের অশুদ্ধির কারণ কী ? ৪ x ২=৮

প্রতিযোগীতা, ধারনা, ভৌগলিক, তাৎক্ষনিক, অর্চণা, পরিস্কার, মুমুর্ষু

খ) নীচের যে কোন দুটি বাক্যকে সাধারণভাবে মান্য লিখিত বাংলা বাক্যের পদ্ধতি অনুযায়ী শুদ্ধ করো এবং জানাও এদের অশুদ্ধির কারণ কী ? ২ x ৩=৬

- যখন আমার খাওয়ার কথা জিজ্ঞাসা করা হলো।
- দোকানে বইয়ে দাম জিজ্ঞেস করে তবেই তো কিনেছি।
- আপনি যেদিন তাঁর কথা বললে, সেদিনই বুঝেছি সে কত মহান।
- আকাশ বাড়ি যাই নি, জানতাম না।

গ) যে কোন একটি প্রশ্নের উত্তর দাও। ১১

অ) সচিত্র বাগ্‌যন্ত্রের পরিচয় দাও।

আ) শুদ্ধ বাংলা বাক্যের ত্রিসূত্র উল্লেখ করো।

৪। বৈষ্ণব পদাবলীতে গৌরাঙ্গ বিষয়ক পদের গুরুত্ব আলোচনা করো। ১১

অথবা

'রূপ লাগি আঁখি ঝুরে' পদটির রচয়িতা ও পর্যায় উল্লেখ করে এর কাব্যসৌন্দর্য বিচার করো।

৫। 'অঙ্কুর তপন তাপে যদি জারব' – 'জারব' শব্দের অর্থ কী ? বক্তা কে ? কথাটির মানে কী ১+১+২=৪

অথবা

'স্বেদ মকরন্দ বিন্দু বিন্দু চূয়ত' – কার লেখা কোন্ পর্যায়ের পদ ? কার সম্পর্কে এই কথা বলা হচ্ছে ? মকরন্দ কথার তাৎপর্য কী ? ২+১+১=৪

৬। শাক্তগীতি রচনায় রামপ্রসাদের প্রতিভার বৈশিষ্ট্য তোমার পঠিত পদগুলি অবলম্বনে আলোচনা করো। ১১

অথবা

শাক্ত পদাবলীতে কেমন করে সময়ের ছবি ফুটে উঠেছে, তা আলোচনা করে দেখাও।

৭। 'এমন মানব-জমিন রইল পতিত আবাদ করলে ফলত সোনা' – 'আবাদ' শব্দটির অর্থ কী ? এখানে 'সোনা' ফলানো বলতে কী বোঝানো হয়েছে ? ১+৩=৪

অথবা

'গিরি এবার আমার উমা এলে আর উমায় পাঠাবো না' – কোন্ পর্যায়ের পদ এটি ? এখানে 'আর' শব্দটির বিশেষ কোন্ তাৎপর্য আছে, তা দেখাও। ১+৩=৪

৮। যে কোন দুটি পরিভাষা নিয়ে আলোচনা করো। ৫+৫=১০

দল, মাত্রা, পর্ব, যতি

অথবা

সনেট সম্পর্কে সবিস্তারে লেখো। ১০

৯। যে কোন দুটির ছন্দোলিপি প্রণয়ন করো। ৫+৫=১০

ক) ভূতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর
যা কিছু হারায় গিন্নি বলেন কেষ্টা বেটাই চোর।

খ) বিষ্টি পড়ে টাপুর টুপুর
নদে এলো বান
শিব ঠাকুরের বিয়ে হবে
তিন কন্যে দান।

গ) তোমার শরীরে নীল শিরা জাগে প্রতপ্ত কামনায়
তোমার মনের রিরংসা জ্বলা ডট কম দুনিয়ার
খিদে ভরে আছে জিভে জিভে লোভ ঠিকরা এখানে ভুল
চমকে থমকে দেখছে পৃথিবী আধুনিক আঁধিয়ার।

ঘ) খণ্ডন ভব বন্ধন জগ বন্দন বন্দি তোমায়।
নিরঞ্জন নররূপধর নির্গুণ গুণময়।।